গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

## আদেশ

সাধারণ আদেশ নং-৬৪/মূসক/২০১১, তারিখঃ ১৫ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/২৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩১, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২২ এর উপ-বিধি (৩) এবং বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, সংশিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ এ্যান্ড ভ্যাট কমিশনারেট কর্তৃক নির্বাচিত নিবন্ধিত প্রতিষ্ঠান, যাদের সর্বশেষ পূর্ববর্তী আর্থিক বৎসরে প্রদেয় মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের পরিমাণ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তার অধিক, তাদের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে মূল্য সংযোজন কর সংক্রান্ত দলিলাদি ও হিসাবপত্র জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত সফ্টওয়্যারের মাধ্যমে সংরক্ষণের এবং প্রযোজ্য ক্ষেত্রে মূসক কার্যালয়ে প্রেরণের আদেশ প্রদান করিল। এ উদ্দেশ্যে যোগ্যতাসম্পন্ন সফ্টওয়্যার নির্মাণকারী ও সরবরাহকারী এক বা একাধিক প্রতিষ্ঠানকে সরকারী বিধি-বিধানের আলোকে তালিকাভুক্ত (Enlistment) করিতে এবং প্রয়োজনে নির্দেশনা ও ব্যাখ্যাপত্র জারি করিতে পারিবে। নির্বাচিত নিবন্ধিত প্রতিষ্ঠান তার মূল্য সংযোজন কর সংক্রান্ত দলিলাদি ও হিসাবপত্র রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে কেবল তালিকাভুক্ত যে কোন সফ্টওয়্যার নির্মাণকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে তার প্রতিষ্ঠানের উপযোগী (Customized) বোর্ড কর্তৃক তালিকাভুক্ত যে কোন সফ্টওয়্যার সংগ্রহপূর্বক ব্যবহার করিতে পারিবে। মূল্য সংযোজন কর সফ্টওয়্যার নির্মাণ সম্পন্ন করেছে কেবল এমন সফ্টয়্যার কোম্পানী তালিকাভুক্ত হওয়ার জন্য  বোডের্র সদস্য (মূসক) বা এই উদ্দেশ্যে গঠিত কমিটির সভাপতি বা আহ্বায়ক এর নিকট আবেদন করিতে পারিবে। আবেদনকারী সফ্টওয়্যার কোম্পানী ও নির্মিত মূসক সফ্টওয়্যারের নিম্নবর্ণিত বৈশিষ্ট্য, যোগ্যতা ও সক্ষমতা থাকিতে হইবে এবং তার সমর্থনে আবেদনের সাথে উপযুক্ত তথ্য ও প্রমাণপত্র উপস্থাপন করিতে হইবে। যথাঃ-

(ক) আবেদনকারী কোম্পানীকে জয়েন্ট স্টক কোম্পানীতে নিবন্ধিত হইতে হইবে;

(খ) মূল্য সংযোজন কর সংক্রান্ত বিষয় বা হিসাবরক্ষণ সংক্রান্ত বিষয় বা অনুরূপ কোন বিষয়ে সফটওয়্যার নির্মাণ ও উলেখযোগ্য সংখ্যক বৃহৎ প্রতিষ্ঠানে সরবরাহের পূর্ব-অভিজ্ঞতা থাকিতে হইবে;

(গ) নির্মিত সফটওয়্যারটি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং তদধীনে প্রণীত বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশ পরিপালনে সক্ষমতা সম্পন্ন হইতে হইবে;

(ঘ) সফটওয়্যারটিতে নির্বাচিত প্রতিষ্ঠানের সংশিষ্ট তথ্যাদি রেকর্ডকরণপূর্বক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং তদধীনে প্রণীত অন্যান্য বিধানাবলীর আওতায় পূর্ণ অটোমেশনের ব্যবস্থা সন্নিবেশিত থাকিতে হইবে;

(ঙ) সফটওয়্যারটিতে ক্রয় হিসাব পুস্তক (মূসক-১৬) ও বিক্রয় চালানপত্র (মূসক-১১ বা মূসক-১১ক বা মূসক-১১গ বা মূসক-১১ঘ) তে একটি Single entry দেয়ার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে মূসক-১৭, মূসক-১৮, মূসক-১৯ রেজিস্টার আপডেট হওয়ার বৈশিষ্ট্য থাকিতে হইবে;

(চ) সফটওয়্যারটিতে উৎসে মূসক আদায় বা কর্তন, অপচয় ও উপজাত পণ্য ব্যবস্থাপনা, ডেবিট নোট ও ক্রেডিট নোটের ব্যবস্থাপনা, স্ট্যাম্প ও ব্যান্ডরোলের ব্যবস্থাপনা, চুক্তিভিত্তিক উৎপাদন, স্বয়ংক্রিয়ভাবে উপকরণ কর রেয়াত ব্যবস্থাপনা ও মূল্য ঘোষণা ব্যবস্থাপনা ইত্যাদি অটোমেটেড পদ্ধতিতে সম্পন্ন হওয়ার সুবিধা থাকিতে হইবে;

(ছ) মাসিক দাখিলপত্র (মূসক-১৯) সহ অন্যান্য রেজিস্টারাদি ও রিপোর্ট অটোমেটেড সিস্টেম থেকে প্রস্তুত ও প্রিন্ট করার সুবিধা থাকিতে হইবে;

(জ) সফটওয়্যারটিতে একই চালানপত্র দ্বিতীয়বার বা পরবর্তী সময়ে ইস্যুর সুযোগ থেকে বারিত হতে হবে;

(ঝ) সফটওয়্যারটিতে জাতীয় রাজস্ব বোর্ড বা সংশিষ্ট মূসক কর্তৃপক্ষের এ্যাকসেস টার্মিনাল সুবিধা থাকিতে হইবে;

(ঞ) জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা ও চাহিদা মোতাবেক বোর্ডের সফটওয়্যার বা উপাত্ত ভান্ডার বা অন্য কোন প্রতিষ্ঠানের সাথে তথ্য ও উপাত্ত বিনিময়ের সুবিধা থাকিতে হইবে;

(ট) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বিধি-বিধানের আলোকে সফটওয়্যারটি পরিপূর্ণ নিরাপত্তা এবং গোপনীয়তা বৈশিষ্ট্যসম্পন্ন হতে হবে;

(ঠ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সফটওয়্যার কোম্পানীকে তালিকাভুক্তির সিদ্ধান্ত গ্রহণের পূর্বে তা বোর্ডের চাহিদা ও নীতিমালা অনুযায়ী উপযুক্ত ও কার্যকর কিনা সে বিষয়ে সরেজমিনে পরীক্ষাপূর্বক নিশ্চিত হওয়ার ব্যবস্থাদি আবেদনকারী কোম্পানীর পক্ষ থেকে সম্পন্ন করিতে হইবে।

০২। বোর্ড কর্তৃক উপর্যুক্ত পদ্ধতিতে নির্বাচিত সফটওয়্যার, সংশিষ্ট কমিশনার কর্তৃক নিবার্চিত নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ১ জানুয়ারী, ২০১২ তারিখ হইতে ব্যবহার করা বাধ্যতামূলক হইবে।

০৩। এতদদ্বারা জাতীয় রাজস্ব বোর্ডের ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-৫৬/মূসক/২০১১ বাতিল করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

ড. মোঃ সহিদুল ইসলাম
প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)।